

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/১৮০

০১ আগস্ট ২০২৩

সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ উত্তরাংশ বিজিএমইএ'র প্রধান কার্যালয়ে স্থাপিত গ্রন্থাগারে (BGMEA Library) সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা সবাই অবগত আছেন যে, গত ২৭ মার্চ ২০২৩ তারিখে বিজিএমইএ'র প্রধান কার্যালয়ে “প্রফেসর ড. ময়হারুল ইসলাম লাইব্রেরি” উদ্বোধন করা হয়েছে। বিজিএমইএ'র সকল সদস্য, কর্মকর্তা ও কর্মচারীদের সার্বিক জ্ঞান ও উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্থাপিত এ লাইব্রেরিতে বিভিন্ন সংস্করণ ও পরিধির পুস্তক সংগ্রহের জন্য ইতিপূর্বে স্মারক নং- বিজিএ/পিআর/২০২৩/৫৮, তারিখ: ০৩ জানুয়ারি ২০২৩, স্মারক নং- বিজিএ/পিআর/২০২৩/১১৯৩, তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৩, স্মারক নং- বিজিএ/এডমিন/২০২৩/১৩২৯, তারিখ ০৭ ফেব্রুয়ারি ২০২৩ মাধ্যমে অনুরোধ করা হলে আপনারা অনেকেই সহযোগিতার হাত বাড়িয়ে দেন। এ জন্য আপনাদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। বিজিএমইএ'র গ্রন্থাগারকে (Library) আরো বেশি সমৃদ্ধশীল করার জন্য আপনার/আপনাদের একান্ত সহযোগিতা পুনরায় আশা করছি।

পোশাক শিল্প আজ জাতীয় অর্থনীতির প্রধান চালিকাশক্তি। বাংলাদেশের অর্থনীতিতে তৈরি পোশাক শিল্প অবদান রাখা ছাড়াও শিল্প নিরাপত্তা, শ্রমিকদের কল্যান, পরিবেশগত টেকসই উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রগুলোতে ব্যাপক অগ্রগতি সাধন করেছে। সাম্প্রতিক বছরগুলোতে আমরা প্রযুক্তি, পণ্য বৈচিত্র্যকরণ, শিল্প ও ব্যবসায়িক মডেল উন্নীতকরণ প্রভৃতি বিষয়গুলো নিয়ে কাজ করে যাচ্ছি। তাই শিল্পের তথ্য-উপাত্ত ও ইতিহাস সংরক্ষণ এবং ব্যবসা-বানিজ্য, দেশ-বিদেশের সমসাময়িক বিভিন্ন বিষয়ের উপর গবেষণা ও জ্ঞানার্জনের জন্য পোশাক শিল্পের নিজস্ব গ্রন্থাগার (Library) প্রতিষ্ঠা করা হয়েছে। যেখানে পোশাক শিল্প ও সমসাময়িক সকল বিষয় সংক্রান্ত যাবতীয় মুদ্রিত পুস্তক, পান্ডুলিপি, তথ্যাদি, দলিলপত্রাদি, চিত্রকর্ম, অডিও-ভিজুয়াল এবং দেশ বিদেশের বিভিন্ন সাহিত্যিকর্ম যথাযথভাবে সংরক্ষণ ও উপস্থাপন করা হবে। এটি তথ্য, গবেষণা, শিক্ষা ও বিনোদন চাহিদা মেটানোর কাজে আমাদেরকে সহায়তা করবে।

আমাদের অনেকের কাছেই পোশাক শিল্প সংক্রান্ত মুদ্রিত গ্রন্থ, দলিলপত্রাদি অবহেলায় পড়ে আছে এবং সঠিকভাবে সংরক্ষণ করা না হলে এগুলো সময়ের পরিক্রমায় হারিয়ে যেতে পারে। এই গুরুত্বপূর্ণ সংগ্রহগুলো, সেইসাথে আপনার কাছে থাকা সমসাময়িক বিষয়, বিশেষ করে ব্যবসা-বানিজ্য, অর্থনীতি-রাজনীতি,

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA) চলমান পাতা ১/২
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •

শিল্প-সাহিত্য বিষয়ক বই-পত্র, প্রকাশনা দিয়ে বিজিএমইএ'র গ্রন্থাগারকে (Library) আরো সমৃদ্ধ করতে পারেন। এই উদ্যোগে অবদানকারী/অংশগ্রহনকারীর নাম এবং বিবরণ যথাযথভাবে উল্লেখসহ সংরক্ষণ করা হবে।

আপনার সহযোগিতায় বিজিএমইএ'র গ্রন্থাগার দেশের জাতীয় গ্রন্থাগার (পাবলিক লাইব্রেরি) এর সাথে যুক্ত করার পরিকল্পনাও আমাদের রয়েছে।

Library তে যা দিয়ে সহযোগিতা করতে পারেন, সেগুলোর মধ্যে রয়েছেঃ-

- ১। পোশাক শিল্প সংক্রান্ত মুদ্রিত গ্রন্থ, দলিলপত্রাদি, পাণ্ডুলিপি, চিত্রকর্ম।
- ২। সমসাময়িক ও প্রাসঙ্গিক বিভিন্ন বিষয় সংক্রান্ত বই, প্রকাশনা, সাময়িকী।
- ৩। গুরুত্বপূর্ণ পুরনো সংবাদপত্র।
- ৪। মাইক্রোফিল্ম, অডিও- ভিজুয়াল।
- ৫। পোশাক শিল্পের পথিকৃৎদের নিয়ে গনমাধ্যমের প্রতিবেদন।
- ৬। দেশ-বিদেশের শিল্প ও সাহিত্যকর্ম, ইত্যাদি।

এ বিষয়ে যে কোন তথ্যের জন্য বিজিএমইএ'র নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করার অনুরোধ করছি।

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)


সিনিয়র অতিরিক্ত সচিব (প্রশাসন এবং মানবসম্পদ)

মোবাইল নং: +৮৮০১৭১১-৪২৩৯৯৫

ই-মেইল: addlsecy.admin@bgmea.com.bd

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,


ফারুক হাসান
সভাপতি